গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
www.dwa.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০০.০০১.২৬.০০১১.২৬. ৪৯০ তারিখ: ০৭/০৭/২০২৬ খ্রি.

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা, উপজেলা ও সদর কার্যালয়ে দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য গাড়ি বরাদ্দকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের অর্ধেকের বেশি প্রান্তিক নারী ও শিশু জনগোষ্ঠীর উন্নয়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। নারী ও শিশুর আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা কার্যক্রম ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি), মা ও শিশু সহায়তা কর্মসূচি, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম, দারিদ্র্য বিমোচন ও আর্থ-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্রঋণ বিতরণ কার্যক্রম, আবাসিক (৭টি) ও অনাবাসিক কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম, কর্মজীবী নারীদের হোস্টেল সুবিধা, বাল্য বিবাহ নিরোধ, শিশু ও কিশোরী হেফাজতিদের জন্য নিরাপদ আবাসন ব্যবস্থা কর্মসূচি, কর্মজীবী মায়েদের নিশ্চিন্তে কাজ করার লক্ষ্যে শিশু দিবাযত্ন কেন্দ্র, বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র (অঙ্গনা), মহিলা স্বেচ্ছাসেবী সমিতি সংগঠনের রেজিষ্ট্রেশন প্রদান ও বার্ষিক অনুদান বিতরণ, জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি, আন্তর্জাতিক নারী দিবস উদযাপন, অদম্য নারী পুরস্কার প্রদান এবং বেগম রোকেয়া দিবস উদযাপন ইত্যাদি কার্যক্রম রাজস্ব খাতের আওতায় বাস্তবায়িত হচ্ছে।

২। অন্যদিকে মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রকল্পের আওতায় নারী নির্যাতন প্রতিরোধে কুইক রেসপন্স টিম, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন, উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্যায়), নদী ভাঙ্গন প্রবণ এলাকায় জলবায়ু পরিবর্তন মোকাবেলায় নারীর অভিযোজন ক্ষমতা সৃষ্টি, Promoting Rights and Advancement of Women and Girls to Prevent GBV, ৬০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন এবং ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন ইত্যাদি প্রকল্পের মাধ্যমে নারী ও শিশুর উন্নয়নে সারাদেশে বাস্তবায়িত হচ্ছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল কর্মসুচি এবং প্রকল্পসমূহে সফল ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য জেলা পর্যায়ে উপপরিচালকগণ ইউনিয়ন ও উপজেলায় কার্যক্রম তদারকী, পরিদর্শন এবং বাস্তবায়ন করছেন। তথাপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং জেলার উপপরিচালকদের কোন লজিষ্টিক সাপোর্ট (যানবাহন) নাই। জেলা ও উপজেলা পর্যায়ের কার্যক্রম সফল ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে যানবাহনসহ অন্যান্য লজিষ্টিক সাপোর্টের প্রয়োজন রয়েছে। অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের তুলনায় মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাদের লজিষ্টিক সাপোর্ট, যানবাহন তথা অন্যান্য সুযোগ-সুবিধা কম থাকা সত্ত্বেও গৃহীত সকল কর্মসূচি/কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হচ্ছে। মাঠ পর্যায়ের কার্যক্রম সফল বাস্তবায়নে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর দৃষ্টান্ত স্থাপন করেছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মসূচি/কার্যক্রমে আরো গতিশীলও দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য যানবাহনের ব্যবস্থা করা প্রয়োজন।

৩। জেলা এবং উপজেলা পর্যায়ে যানবাহনের ব্যবস্থা না থাকায় উপরোক্ত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন, তদারকী, পরিদর্শন এবং বাল্য বিবাহ প্রতিরোধ কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য কর্মকর্তাদের লজিষ্টিক সাপোর্ট, যানবাহন তথা অন্যান্য সুযোগ-সুবিধা বৃদ্ধি করার জন্য চাহিদা করা হয়েছে। উল্লেখ্য যে, ১১/১২/২০২৪ তারিখে জনপ্রশাসন মান্যবর কমিশন প্রধান ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সাথে মতবিনিময় সভায় গাড়ির বিষয়টি গুরুত্ব বিবেচনা করে মতামত প্রদান করেন যে, 'মহিলা বিষয়ক অধিদপ্তর ও মন্ত্রণালয় কর্তৃপক্ষ গাড়িচালক, ফুয়েল ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করলে পরিবহন পুল থেকে সকল গাড়ির ব্যবস্থা করা সম্ভব। তিনি এই বিষয়ে অধিদপ্তর ও মন্ত্রণালয় কর্তৃপক্ষকে দ্রুত যোগাযোগের সিদ্ধান্ত প্রদান করেন' (কপি সংযুক্ত-০১)। এখানে আরো উল্লেখ করা প্রয়োজন যে, গাড়ি সংস্থান হলে আউটসোর্সিং এর মাধ্যমে গাড়িচালক এবং অধিদপ্তর হতে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। এই সিদ্ধান্তের প্রেক্ষিতে ১২/০৮/২০২৫ তারিখে ৩৯৯ নং স্মারকে মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে 'মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকদের দাপ্তরিক কাজের জন্য গাড়ির সংস্থান' বিষয়ে পুরাতন ২২টি জেলার গাড়ির জন্য একটি পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত-০২)। মহিলা বিষয়ক অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো সংস্কারকরণ বিষয়ে গত ৩/১০/২০২৪ তারিখের ৮৮২ নং স্মারকে ৫ নং ক্রমিকে জেলা পর্যায়ে উপপরিচালকদের কার্যালয়ে গাড়ি প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয় (কপি সংযুক্ত-০৩)। মহিলা বিষয়ক অধিদপ্তরের স্বল্প ও মধ্য মেয়াদী সংস্কার কার্যক্রম/পরিকল্পনা নির্ধারণ করে হালনাগাদকরণ প্রস্তাব ১৫/১২/২০২৪ তারিখ ১১০১ নং স্মারকে জেলা পর্যায়ে উপপরিচালকের কার্যালয়ে গাড়ি প্রদানের বিষয়টি প্রস্তাব প্রেরণ করা হয় (কপি সংযুক্ত-০৪)।

চলমান পাতা

CS CamScanner